গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, সিভিক সেক্টর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং : ৪৭.৬১.০০০০.০৬৫.৪২.০০১.১৬- ২০৪

তারিখ : ৪ শ্রাবণ, ১৪২৪ বঃাম্
১৯ জুলাই, ২০১৭ খ্রিঃ।

বিষয়: অকার্যকর হিসেবে চিহ্নিত সমবায় সমিতির নিবন্ধন বাতিল আদেশ প্রত্যাহারের জন্য পূর্বানুমতি গ্রহণ সংক্রান্ত আদেশ বাতিল।

সূত্র : এ দপ্তরের স্মারক নং : ৪৭.৬১.০০০০.০৬৫.৪২.০০২.১৬-৯৫ (৭১), তারিখ: ২৯/৩/১৬খ্রি:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কোন সমবায় সমিতির নিবন্ধন বাতিল করার ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১ এর ৫৩ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ১২৩ বিধি অনুসরন করার বাধ্যবাধকতা থাকলেও লক্ষ্য করা যাচ্ছে যে, নিবন্ধন বাতিলের ক্ষেত্রে আইন ও বিধির অনুশাসন প্রতিপালন হচ্ছে না। ফলে কতিপয় ক্ষেত্রে ভুল তথ্যের ভিত্তিতে কিছু কার্যকর ও নির্ধারিত সীমার বেশী দেনা সম্বলিত সমিতির নিবন্ধন বাতিল হয়ে যায়। এ ধরনের পরিস্থিতি হতে উত্তোরনের জন্য নিম্নলিখিত নির্দেশনা অনুসরন করতে হবেঃ

১। কার্যকর কিংবা নির্ধারিত সীমার বেশী দেনা সম্বলিত সমিতির নিবন্ধন ভুলে বাতিল হয়ে গেলে বিষয়টি নজরে আসার পর জেলা সমবায় অফিসার বাতিল আদেশ প্রত্যাহারের স্বপক্ষে উপযুক্ত দালিলিক প্রমাণ সংরক্ষণ সাপেক্ষে স্বপ্রণোদিত ভাবে অথবা সমিতির আবেদনের প্রেক্ষিতে নিবন্ধন আদেশ পুনর্বহাল করবেন। এক্ষেত্রে বাতিলকালীন সময়কালের ব্যবস্থাপনা কমিটি পুনর্বহাল থাকবে।

২। সমিতির আবেদনের প্রেক্ষিতে জেলা সমবায় অফিসার যথাসময়ে নিবন্ধন পুনর্বহাল না করলে সংক্ষুব্ধ পক্ষ সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ১১৯(৪) বিধি মোতাবেক নিবন্ধন বাতিল আদেশ প্রত্যাহারের জন্য বিভাগীয় যুগ্মনিবন্ধক বরাবরে আপীল করতে পারেন। যুগ্মনিবন্ধক কর্তৃক আবেদনটি পর্যালোচনায় যৌক্তিক বিবেচিত হলে নিবন্ধন বাতিল আদেশ প্রত্যাহারের নির্দেশনা প্রদান করবেন।

৩। যুগ্মনিবন্ধকের সিদ্ধান্তে সমিতি পক্ষ সন্তুষ্ট না হলে ন্যায় বিচারের স্বার্থে নিবন্ধন বাতিল আদেশ প্রত্যাহারের জন্য নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর বরাবরে পুন:বিবেচনার জন্য আবেদন করা যাবে।

উক্ত নির্দেশনা জারীর প্রেক্ষিতে অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন বাতিল আদেশ প্রত্যাহারের জন্য পূর্বানুমতি গ্রহণ সংক্রান্ত সমবায় অধিদপ্তরের সূত্রস্থ স্মারকে জারীকৃত পত্রের কার্যকারিতা বাতিল মর্মে গন্য হবে।

১৯.৭.১৭

মোহাঃ আব্দুল মজিদ
উপনিবন্ধক (আইন)
ফোন: ০২-৮১৪১৫০১।

জেলা সমবায় কর্মকর্তা......................(সকল)।

অনুলিপিঃ
১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়,
ঢাকা/চট্টগাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিং